CENTRAL LIBRARY N.C.COLLEGE

2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGHCC–601T/176

**TDC (CBCS) Even Semester Exam., 2023**

# BENGALI

( Honours )

**( 6th Semester )**

Course No. : BNGHCC–601T

**( প্রাচ্য সাহিত্যতত্ত্ব ও ছন্দ অলংকার )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। যে কোনো দুজন ধ্বনিবাদী আলংকারিকের নাম লেখো।

২। 'নাট্যশাস্ত্র' গ্রন্থটির রচনাকার কে? সেখানে কয়টি রসের কথা বলা হয়েছে?

৩। সাধারণীকরণ প্রক্রিয়া বলতে কী বোঝ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

৫। "ভাষার মধ্যে ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে।" লেখকের মতে সেই দুইটি জিনিস কী কী?

৬। 'অভিজ্ঞানশকুন্তলম্' কার লেখা? শকুন্তলার একজন সখীর নাম উল্লেখ করো।

৭। ছন্দশাস্ত্র অনুসারে অক্ষরের সংজ্ঞা দাও।

৮। অর্থ প্রকাশের জন্যে ধ্বনিপ্রবাহে যে উচ্চারণ বিরতি, তাকে কী বলে? এটি কয় প্রকার?

৯। মাত্রা বলতে কী বোঝ?

১০। শ্লেষ অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

১১। অলংকার প্রধানত কয় প্রকার? সেগুলো কী কী?

১২। "ভারত ভারত খ্যাত আপনার গুণে।" এটি কোন্ অলংকার এবং অলংকারটির সংজ্ঞা লেখো।





১৩। কোনো কথার যে অর্থটি বক্তার অভিপ্রেত সে অর্থটি না ধরে শ্রোতা যদি অন্য অর্থ গ্রহণ করে তবে সেটি কী অলংকার? এই অলংকার কয় প্রকার?

১৪। "বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান।
শিব ঠাকুরের বিয়ে হবে তিন কন্যা দান॥"
স্তবকটি কোন্ ছন্দ? এই ছন্দের লয় কী?

১৫। ব্যাজস্তুতি অলংকারের একটি উদাহরণ উপস্থাপন করো।

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। "নিরলংকার বাক্যও কাব্য হতে পারে, তার কারণ কাব্যের আত্মা হচ্ছে রীতি।" কাব্য বিচারে রীতিবাদীদের এই অভিমত কতটুকু গ্রহণযোগ্য, আলোচনা করো।

১৭। "চিত্তের রতি প্রভৃতি স্থায়ীভাব, বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের সহযোগে রূপান্তর প্রাপ্ত হয়ে রসে পরিণত হয়।" মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১৮। "সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।" উক্তিটির আলোকে সাহিত্য সৃষ্টি বিষয়ে রবীন্দ্রনাথের যে ভাবনা 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৯। "সৌন্দর্য প্রয়োজনের বাড়া। এইজন্য তাহাকে আমরা ঐশ্বর্য বলিয়া মানি।" উক্তিটির নিরিখে 'সৌন্দর্যবোধ' প্রবন্ধের মূল বক্তব্য বিষয়টি উপস্থাপন করো।

২০। উদাহরণসহ ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্য উল্লেখ করো।

২১। তানপ্রধান ছন্দের সংজ্ঞা নির্দেশ করে এই ছন্দের বৈশিষ্ট্য উপস্থাপন করো।

২২। উদাহরণসহ যে কোনো **দুটি** অলংকারের প্রকারভেদ নিয়ে আলোচনা করো :

যমক ; উপমা ; রূপক।

২৩। যে কোনো **দুটি** অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও :

সমাসোক্তি ; উৎপ্রেক্ষা ; বিরোধাভাস।

২৪। ছন্দলিপি প্রস্তুত করো (যে কোনো **দুটি**) :

(ক) "আতা গাছে তোতা পাখি ডালিম গাছে মৌ।
এত ডাকি তবু কথা কওনা কেন বৌ।"

(খ) "রাত নির্জন পথে কত ভয় তবুও রাণার ছুটে,
দস্যুর ভয় তারো চেয়ে ভয় কখন সূর্য উঠে।"

(গ) "ছিনু মোরা সুলোচনে গোদাবরী তীরে,
কপোত-কপোতী যথা উচ্চ বৃক্ষ চূড়ে।"





(ঘ) "ভূতের মতন চেহারা যেমন নিবোর্ধ অতি ঘোর,
যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর।"

(ঙ) "কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল?
তাইতো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল।"

২৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে কোনো **দুটি**) :

(ক) "এনেছে তোমার স্বামী বাঁধি নিজগুণে।"

(খ) "বিপ্র হয়ে সুরাসক্ত কেন মহাশয়?
সুরে না সেবিলে বল কেবা মুক্ত হয়?"

(গ) "শুনিতেছি আজো আমি প্রাতে উঠিয়াই,
আয় আয় কাঁদিতেছে তেমনি সানাই।"

(ঘ) "বজ্রসেন কানে কানে কহিল শ্যামারে
ক্ষণিক শৃঙ্খলমুক্ত করিয়া আমারে
বাঁধিয়াছ অনন্ত শৃঙ্খলে।"

* * *